দুর্গাপুরে বই পড়া কর্মসূচিতে পুরষ্কার পেলেন ১২ শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার- রাজশাহীর দুর্গাপুরে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বই পড়া কর্মসূচির পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

১২ ডিসেম্বর(বৃহস্পতিবার)সকাল ১০ টার দিকে উপজেলা কনফারেন্স রুমে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা সাবরিনা শারমিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) তরফদার মোঃ আক্তার জামীল এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রুহুল আমিন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আসাদুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ জান্নাতুল ফেরদৌস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফাতেমা খাতুন সহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থীরা প্রমুখ উপস্থিত ছিলেন। উপজেলা জুড়ে বিভিন্ন স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, স্থান অর্জনকারী ১২ জন বিজয়ীদের মাঝে বই ও বৃক্ষ উপহার দেওয়া হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩০০ শিক্ষার্থীর মাঝে বিভিন্ন ফলজ বৃক্ষ উপহার দেওয়া হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মোহাম্মদ আক্তার জামীল বলেন, “বই পড়ার অভ্যাস মানুষকে আলোকিত করে এবং সমাজের প্রতি দায়বদ্ধ করে তোলেন। উপহারের বইগুলো অত্যন্ত চমৎকার! বইগুলো তোমরা পড়বে এখানে শেখার অনেক কিছুই আছে।”

উপজেলা নির্বাহী কর্মকর্তা সাবরিনা শারমিন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “তোমরা বইকে সঙ্গী করো, এটি তোমাদের ভবিষ্যৎ নির্মাণে সহায়ক হবে। বৃক্ষগুলো রোপন করবে যা তোমাদের অক্সিজেন, ছায়া, ফল দিবে।”

অনুষ্ঠানটি শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মাঝে উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করেছে, যা ভবিষ্যতে নিয়মিতভাবে আয়োজনের প্রত্যাশা ব্যক্ত
অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা ।